গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ কার্যালয়
রাজস্থলী, রাঙ্গামাটি পার্বত্য জেলা

## ফেব্রুয়ারি ২০২২ খ্রি: মাসের উপজেলা পরিষদের মাসিক সমন্বয় সভা ৩৪ (চৌত্রিশ ) তম এর কার্যবিবরণী :

সভাপতি: জনাব উবাচ মারমা, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজস্থলী, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ।
তারিখ : ২৩/০২/২০২২খ্রি:। সময় : সকাল ১১.৩০ ঘটিকা।
উপস্থিত সদস্যের তালিকা পরিশিষ্ট "ক" এবং উপস্থিত উপজেলার সকল সরকারি বিভাগীয় প্রধানের তালিকা পরিশিষ্ট "খ" তে উল্লেখ করা হলো।

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি মহোদয় সভার কাজ শুরু করেন। অত:পর সভায় আলোচ্যসূচি অনুযায়ী নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহিত হয়।

| ক্রম | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১. | গত সভার কার্যবিবরণী : | উপজেলা নির্বাহী অফিসার উপজেলা পরিষদের ৩৩-তম সমন্বয় সভার কার্যবিবরণী পাঠ করে শোনান এবং কোন সংশোধনী না থাকায় বিগত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। | সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান ও কমিটি |
| ০২. | ইত:পূর্বে গৃহিত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতির পর্যালোচনা : | উপজেলা পরিষদে হস্তান্তরিত সংশ্লিষ্ট সকল দপ্তর এবং অন্যান্য সরকারি দপ্তরসমূহের সভার সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতির বিষয়ে ব্যাপক পর্যালোচনা করা হয় এবং গৃহিত সিদ্ধান্ত সমূহ বাস্তবায়ন করার জন্য সংশ্লিষ্ট দপ্তরের প্রধান এবং জনপ্রতিনিধিগণকে সভা কর্তৃক অনুরোধ জানানো হয়। | সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান ও কমিটি |
| ০৩. | স্বাস্থ্য বিভাগ : উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার প্রতিনিধি সভাকে জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ও সুন্দররুপে চালিয়ে নেওয়ার জন্য সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাকে সভা কর্তৃক ধন্যবাদ জানানো হয়। | সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান ও কমিটি |
| ০৪. | কৃষি বিভাগ: উপজেলা কৃষি কর্মকর্তা জনাব মো: মাহববুব আলম রনি সভাকে জানান যে, রাজস্থলী উপজেলায় চলতি রবি/২০২১-২২ মৌসুমে বোরো ধানের আবাদ ৯৫% সম্পন্ন হয়েছে। চলতি সপ্তাহে ১০০% সম্পন্ন হওয়ার প্রত্যাশা রয়েছে। উপজেলায় পর্যাপ্ত সার মজুদ রয়েছে এবং দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু এবং স্বাভাবিকভাবে চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ও সুন্দররুপে চালিয়ে নেওয়ার জন্য সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাকে সভা কর্তৃক ধন্যবাদ জানানো হয়। | সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান ও কমিটি |
| ০৫. | প্রাণি সম্পদ বিভাগ: সহকারী উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা সভাকে জানান যে, তাঁর দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ও সুন্দররুপে চালিয়ে নেওয়ার জন্য সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাকে সভা কর্তৃক ধন্যবাদ জানানো হয়। | সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান |
| ০৬. | মৎস্য বিভাগ: উপজেলা মৎস্য কর্মকর্তা জনাব মো: ছাবেদুল হক সভায় জানান যে, তাঁর দপ্তরের বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। এছাড়া অফিস ভবন নির্মাণের জন্য বিগত ফেব্রুয়ারি ২০২১ খ্রি: মাসের মাসিক সমন্বয় সভার সিদ্ধান্ত মোতাবেক প্রস্তাবিত স্থানটি সংশোধনপূর্বক উপজেলা শিল্পকলা একাডেমির পেছনে সেগুন বাগানস্থ স্থানে মৎস্য ভবন নির্মাণ প্রস্তাব করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | সভায় বিস্তারিত আলোচনান্তে নতুনভাবে প্রস্তাবিত শিল্পকলা একাডেমির পিছনে সেগুন বাগানস্থ স্থানে মৎস্য অফিস ভবন নির্মাণ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয় এবং পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সভার পক্ষ থেকে উপজেলা মৎস্য কর্মকর্তাকে সভা কর্তৃক অনুরোধ করা হয়। | সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান |
| ০৭. | স্থানীয় সরকার প্রকৌশল বিভাগ: উপজেলা প্রকৌশলীর প্রতিনিধি **হিসাব সহকারী জনাব মো:মঈনুল হাসান,** সভাকে জানান যে, এডিপি'র সকল টেন্ডার লাইভে রয়েছে। অন্যান্য মেরামত ও সংস্কারমূলক সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। তাছাড়া পিডিপি-৪ এর আওতায় সকল স্কুলের কাজ চলমান রয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়। তিনি আরো জানান, দরপত্রের মাধ্যমে ১৭ টি প্রকল্প, PIC এর মাধ্যমে ১৪ টি প্রকল্প এবং RFQ এর মাধ্যমে ০৫ টি প্রকল্প গ্রহণ করা হয়েছে। | নির্দিষ্ট সময়ের মধ্যে কার্যকম সম্পন্ন করা এবং দরপত্রের টেন্ডার আহবান করার জন্য সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাকে সভা কর্তৃক অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকৌশলী, রাজস্থলী, রাঙ্গামাটি |
| ০৮. | পরিবার পরিকল্পনা বিভাগ: উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জনাব বোধিদত্ত বড়ুয়া সভাকে জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক। তাঁর দপ্তরে সক্ষম দম্পত্তির সংখ্যা ৪৬৯০ জন। খাবার বড়ি গ্রহণকারীর সংখ্যা ২১৩৯ জন, কনডম ১৫৭ জন, ইনজেকটেবল ৫১৯, আইইউডি ১৩৭, ইমপ্লানন ৭০৮, পুরুষ বন্ধ্যাকরণ ১২০, মহিলা বন্ধ্যাকরণ ৭৬, সর্বমোট গ্রহণকারীর সংখ্যা ৩৮৫৬ জন, পদ্ধতি গ্রহণকারীর হার ৮২.%। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ও সুন্দররুপে চালিয়ে নেওয়ার জন্য সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাকে সভা কর্তৃক অনুরোধ জানানো হয়। | সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান |
| ০৯. | শিক্ষা বিভাগ: উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা জনাব মো: তাজুরুল ইসলাম সভাকে জানান, বর্তমানে কোভিড-১৯ জনিত কারণে বিদ্যালয়ের একাডেমিক কার্যক্রম বন্ধ রয়েছে। তবে ০২.০৩.২০২২ হতে বিদ্যালয়সমূহে একাডেমিক কার্যক্রম শুরুর নির্দেশ রয়েছে। বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সভাকে অবহিত করা হয়। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ও সুন্দররুপে চালিয়ে নেওয়ার জন্য সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাকে সভা কর্তৃক অনুরোধ জানানো হয়। | সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান |

| | | | |
|---|---|---|---|
| ১০. | মাধ্যমিক শিক্ষা বিভাগ: উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগের কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা সম্ভব হয়নি। | পরবর্তী মাসিক সমন্বয় সভায় উপস্থিত থেকে বিভাগীয় কার্যক্রম সম্পর্কে অবহিত করার জন্য সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাকে সভা কর্তৃক অনুরোধ জানানো হয়। | সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান |
| ১১. | ত্রাণ বিভাগ: উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জনাব মো: রবিউল ইসলাম সভাকে জানান যে, তাঁর দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। আগামী ১০ ই মার্চ জাতীয় দুর্যোগ প্রস্তুতি দিবস। এ বিষয়ে সংশ্লিষ্ট সকলের সকলের স্বত:স্ফূর্ত অংশগ্রহণ এবং সার্বিক সহযোগিতা চাওয়া হয়। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ও সুন্দররূপে চালিয়ে নেওয়ার জন্য সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাকে সভা কর্তৃক অনুরোধ জানানো হয়। | সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান |
| ১২. | মহিলা বিষয়ক অধিদপ্তর: উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, তাঁর দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ও সুন্দররূপে চালিয়ে নেওয়ার জন্য সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাকে সভা কর্তৃক অনুরোধ জানানো হয়। | সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান |
| ১৩ . | যুব উন্নয়ন বিভাগ: উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ও সুন্দররূপে চালিয়ে নেওয়ার জন্য সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাকে সভা কর্তৃক অনুরোধ জানানো হয়। | সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান |
| ১৪. | খাদ্য বিভাগ: উপজেলা খাদ্য নিয়ন্ত্রক এর প্রতিনিধি সভাকে জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু এবং স্বাভাবিকভাবে চলছে। তিনি জানান, রাজস্থলী খাদ্য গুদামে ৩৮৬.৯২০ মে: টন আতপ চাল ও ১৭.২০০ মে: টন ধান মজুদ আছে। আগামী মাস থেকে খাদ্য বান্ধব কর্মসূচি শুরু করা হবে মর্মে সভাকে অবহিত করা হয়। তিনি জানান, অন্যান্য বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ও সুন্দররূপে চালিয়ে নেওয়ার জন্য সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাকে সভা কর্তৃক অনুরোধ জানানো হয়। | সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান |
| ১৫. | সমাজ সেবা বিভাগ: উপজেলা সমাজ সেবা কর্মকর্তা জনাব মো: জিয়াউদ্দিন সভাকে জানান যে, গত ১০/০২/২০২১ খ্রি: তারিখে ০৯ জন গ্রাহকের মাঝে পল্লী মাতৃকেন্দ্র এর আওতায় ২,২০,০০০/- টাকা সুদমুক্ত ক্ষুদ্রঋণ প্রদান করা হয়। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ও সুন্দররূপে চালিয়ে নেওয়ার জন্য সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাকে সভা কর্তৃক অনুরোধ জানানো হয়। | সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান |
| ১৬ . | আনসার ভিডিপি বিভাগ: উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় জানান যে, তাঁর সাংগঠনিক কার্যক্রম সুষ্ঠু এবং সুন্দরভাবে চলছে। কোন ধরণের সমস্যা নাই মর্মে সভাকে জানানো হয়। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ও সুন্দররূপে চালিয়ে নেওয়ার জন্য সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাকে সভা কর্তৃক অনুরোধ জানানো হয়। | সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান |
| ১৭. | উপজেলা রিসোর্স সেন্টার: জনাব মো: আবু তাহের, সহকারী ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, রাজস্থলী সভাকে জানান যে, শিক্ষকদের Google Meet-এ পাঠদান, শ্রেণি কার্যক্রম বন্ধ থাকায় শিক্ষার্থী ও অভিভাবকদের সাথে মোবাইলে যোগাযোগ রাখার পরামর্শ দেওয়া হয়। আগামী ০২ মার্চ, ২০২২ তারিখে শ্রেণিকক্ষে সরাসরি পাঠদান হবে। এ লক্ষ্যে উপজেলা পরিষদের পক্ষ থেকে সংশ্লিষ্ট সকলকে প্রস্তুতি নেওয়ার জন্য পরামর্শ দেয়া হয়। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ও সুন্দররূপে চালিয়ে নেওয়ার জন্য সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাকে সভা কর্তৃক অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান |
| ১৮ . | উপজেলা নির্বাচন অফিস: উপজেলা নির্বাচন কর্মকর্তা জনাব উৎপল বড়ুয়া সভাকে অবহিত করেন যে, আগামী ০২ মার্চ ২০২২ জাতীয় ভোটার দিবস। উক্ত দিবসের এবারের প্রতিপাদ্য " মুজিব বর্ষের অঙ্গীকার, রক্ষা করব ভোটাধিকার। অনুষ্ঠিতব্য উক্ত দিবসকে সফল করার জন্য সংশ্লিষ্ট সকলের সহযোগিতা এবং উক্ত দিবসে উপস্থিত থাকার জন্য সভার পক্ষ থেকে বিশেষভাবে অনুরোধ করা হয়। দাপ্তরিক অন্যান্য কার্যক্রম সুষ্ঠু এবং স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ও সুন্দররূপে চালিয়ে নেওয়ার জন্য সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাকে সভা কর্তৃক অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান |
| ১৯. | জনস্বাস্থ্য প্রকৌশল বিভাগ: উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, রাজস্থলীর কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় দাপ্তরিক কার্যক্রমের বিষয়ে আলোচনা করা সম্ভব হয়নি। | পরবর্তী মাসিক সমন্বয় সভায় উপস্থিত থেকে বিভাগীয় কার্যক্রম সম্পর্কে অবহিত করার জন্য সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাকে সভা কর্তৃক অনুরোধ জানানো হয়। | সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান |
| ২০ . | পল্লী সঞ্চয় ব্যাংক, রাজস্থলী শাখা: জনাব সন্তোষ কুমার তঞ্চঙ্গ্যা, শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, রাজস্থলী শাখা সভাকে জানান যে, গত জানুয়ারি মাসে ঋণ বিতরণ হয়েছে ৩৩,৯৫,০০০/- টাকা,ঋণ গ্রহণকারীর সংখ্যা ৮৮ জন, ঋণ আদায় হয়েছে ৩৩,৭১,০০০/- টাকা। অন্যান্য বিভাগীয় কার্যক্রম সুষ্ঠু এবং স্বাভাবিকভাবে চলছে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ও সুন্দররূপে চালিয়ে নেওয়ার জন্য সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাকে সভা কর্তৃক অনুরোধ জানিয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, রাজস্থলী শাখা, রাঙ্গামাটি |
| ২১. | টেকসই সামাজিক সেবা প্রদান প্রকল্প, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড: উপজেলা ব্যবস্থাপক, টেকসই সামাজিক সেবা প্রদান প্রকল্প, পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড, রাজস্থলী এর প্রতিনিধি সভায় জানান যে, তাঁর দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু এবং সুন্দরভাবে চলছে। গত ২২/০২/২০২২ তারিখে ম্যালেরিয়া বিষয়ক ওরিয়েন্টেশন তিন ইউনিয়ন হতে ৬০ জন কর্মী অংশগ্রহণ করে। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ও সুন্দররূপে চালিয়ে নেওয়ার জন্য সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাকে সভা কর্তৃক অনুরোধ জানানো হয়। | সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা। |
| ২২. | বন বিভাগ: জনাব মোহাম্মদ মোস্তাফিজুর রহমান ,রেঞ্জ কর্মকর্তা, রাজস্থলী রেঞ্জ সভাকে জানান যে, তাঁর দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ও সুন্দররূপে চালিয়ে নেওয়ার জন্য সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাকে সভা কর্তৃক অনুরোধ জানানো হয়। | সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান |

| | | | |
|---|---|---|---|
| ২৩. | বি.আর.ডি.বি: উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার কোন প্রতিনিধি সভায় উপস্থিত ছিল না। পরবর্তীতে তাঁর দপ্তরের দাপ্তরিক কার্যক্রম সংক্রান্ত নিম্নরূপ তথ্য দাখিল করা হয়। কৃষিকাজ ও হাঁস-মুরগী পালনের উপর ঋণ কার্যক্রম পরিচালনা করা হয়।<br>(ক) পুরুষ ১০ জন ও মহিলা ০৮ জনের মাঝে মোট ঋণ বিতরণ ৪.৭০ লক্ষ টাকা।<br>(খ) ঋণ আদায় ২.৯৫ লক্ষ টাকা (গ) সঞ্চয় আমানত সংগ্রহ ০.১৫ লক্ষ টাকা মাত্র। | পরবর্তী মাসিক সমন্বয় সভায় উপস্থিত থেকে বিভাগীয় কার্যক্রম সর্ম্পকে অবহিতকরণসহ দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ও সুন্দররূপে চালিয়ে নেওয়ার জন্য সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাকে সভা কর্তৃক অনুরোধ জানানো হয়। | সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান |
| ২৪. | সমবায় বিভাগ: উপজেলা সমবায় কর্মকর্তা সভাকে জানান যে, সমবায় সমিতির সংখ্যা ১৮ টি এবং কেন্দ্রীয় সমবায় সমিতি ০১ টি, প্রাথমিক সমবায় সমিতির মধ্যে ০২ টি অকার্যকর সমিতি রয়েছে। অন্যান্য ১৬ টি সমিতির বার্ষিক অডিট সম্পূর্ণ করা হয়েছে। সমবায় বিভাগে অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সভাকে অবহিত করা হয়। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ও সুন্দররূপে চালিয়ে নেওয়ার জন্য সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাকে সভা কর্তৃক অনুরোধ জানানো হয়। | সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান |
| ২৫. | **তথ্য আপা কর্মকর্তার কার্যালয়:** উপজেলা তথ্য আপা কর্মকর্তা সভায় অনুপস্থিত থাকায় তাঁর দাপ্তরিক কার্যক্রমের বিষয়ে আলোচনা করা সম্ভব হয়নি। | পরবর্তী মাসিক সমন্বয় সভায় উপস্থিত থেকে বিভাগীয় কার্যক্রম সর্ম্পকে অবহিত করার জন্য সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাকে সভা কর্তৃক অনুরোধ জানানো হয়। | উপজেলা তথ্য আপা কর্মকর্তা, রাজস্থলী |
| ২৬. | পরিসংখ্যান বিভাগ: উপজেলা পরিসংখ্যান কর্মকর্তার প্রতিনিধি সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান। ২০২২ সালের এপ্রিল/ মে মাসে জনশুমারি ও গৃহগণনা ২০২১' কার্যক্রম সম্পাদিত হওয়ার সম্ভাবনা রয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়। | দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠু ও সুন্দররূপে চালিয়ে নেওয়ার জন্য সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাকে সভা কর্তৃক অনুরোধ জানানো হয়। | সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান |
| ২৭. | **বিদ্যুৎ বিভাগ:** আবাসিক প্রকৌশলী, কাপ্তাই বিদ্যুৎ সরবরাহ, লিচুবাগান, কাপ্তাই এর কোন প্রতিনিধি সভায় উপস্থিত না থাকায় তাঁর দাপ্তরিক কার্যক্রম সর্ম্পকে আলোচনা করা সম্ভব হয়নি। | পরবর্তী মাসিক সমন্বয় সভায় উপস্থিত থেকে বিভাগীয় কার্যক্রম সর্ম্পকে অবহিত করার জন্য সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তাকে সভা কর্তৃক অনুরোধ জানানো হয়। | সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান |
| ২৮. | **বিবিধ : (১) জন্ম ও মৃত্যু নিবন্ধন সংক্রান্ত :**<br>রাজস্থলী উপজেলার সংশ্লিষ্ট সকল ইউনিয়নে জন্ম/ মৃত্যু ৪৫ দিনের মধ্যে নিবন্ধন সম্পন্ন করার বিষয়ে ইউপি চেয়ারম্যানদের দৃষ্টি আকর্ষণ করা হয়। এ বিষয়ে অধিকতর গুরুত্বারোপ করার জন্য সভা কর্তৃক সংশ্লিষ্ট সকল ইউপি চেয়ারম্যান,সচিব এবং ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাদেরকে অনুরোধ করা হয়। তাছাড়া অত্র উপজেলায় সকল ইউনিয়নে জন্ম/ মৃত্যু নিবন্ধন মনিটরিং করার পর নিয়মিত রিপোর্ট প্রদানের জন্য জন্ম ও মৃত্যু নিবন্ধন বিধিমালা,২০১৮ এর ১ (১৯) ধারা মোতাবেক সহকারী পরিদর্শক নিয়োগ করা হয়েছে মর্মে সভায় বিশদ আলোচনা করা হয়। | রাজস্থলী উপজেলার সংশ্লিষ্ট সকল ইউনিয়নে জন্ম/ মৃত্যু ৪৫ দিনের মধ্যে নিবন্ধন সম্পন্ন করার বিষয়ে ইউপি চেয়ারম্যানদের দৃষ্টি আকর্ষণ করা হয়। তাছাড়া অত্র উপজেলায় জন্ম ও মৃত্যু নিবন্ধন বিধিমালা, ২০১৮ এর ১ (১৯) ধারা মোতাবেক নিয়োগকৃত সহকারী পরিদর্শকগণকে নিয়মিত সংশ্লিষ্ট সকল ইউনিয়ন পরিষদের জন্ম ও মৃত্যু নিবন্ধন সংক্রান্ত রিপোর্ট প্রদানের জন্য সভা কর্তৃক অনুরোধ জানানো হয়। | চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল) সহকারী পরিদর্শক (সকল) |
| | **কমিটির সুপারিশ পর্যালোচনা ও সিদ্ধান্ত গ্রহণ :**<br>১। বিগত সভার কমিটি কর্তৃক গৃহিত বিভিন্ন সুপারিশ সমূহ পর্যালোচনা করা হয়। | ১। কমিটি কর্তৃক গৃহিত বিভিন্ন সুপারিশ সমূহ পর্যালোচনান্তে বাস্তবায়ন করার সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহিত হয়। | বিভাগীয় ধান(সকল) রাজস্থলী |
| | **সরকারি বিধি আলোচনা ও পর্যালোচনা :**<br>উপজেলা পরিষদে ন্যস্তকৃত সরকারি দপ্তরসমূহের নতুন জারিকৃত কোন বিধি উপস্থাপন না করায় এ বিষয়ে আলোচনা করা যায়নি। | উপজেলা পরিষদে ন্যস্তকৃত দপ্তরসমূহের নুতন নীতিমালা, পরিপত্র প্রজ্ঞাপন আইন ও বিধি সরকার কর্তৃক জারি করার সাথে সাথে উপজেলা পরিষদের সভায় তা উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| | **মাননীয় সংসদ সদস্য মহোদয়ের সুপারিশের উপর পর্যালোচনা (প্রযোজ্য ক্ষেত্রে) :**<br>মাননীয় সংসদ সদস্য কর্তৃক কোন ধরণের সুপারিশ পাওয়া না যাওয়ায় তদবিষয়ে আলোচনা করা সম্ভব হয়নি। | মাননীয় সংসদ সদস্য কর্তৃক সুপারিশ প্রাপ্তি সাপেক্ষে আলোচনা করা হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| | **পরিষদের আয়- ব্যয় হিসাবের উপর আলোচনা :**<br>**উপজেলা পরিষদের নিম্নোক্ত ব্যয় সমূহ সভায় উত্থাপিত হয়।**<br>(ক) ফেব্রুয়ারি/২০২২ খ্রি:মাসের আনুসাঙ্গিক খরচ বাবদ ৫০০০/- টাকা।<br>(খ) জানুয়ারি/ ২০২১ এর উপজেলা পরিষদের ২ জন কর্মচারীর বেতন বাবদ (১৫৯৫০×২)= ৩১,৯০০/-টাকা।<br>(গ) উপজেলা পরিষদের জানুয়ারি/২০২২ এর বিদ্যুৎ বিল বাবদ ১২,৮০১/-টাকা<br>(ঘ) ফেব্রুয়ারি /২০২২ খ্রি:মাসের আপ্যায়ন বিল বাবদ ৮০০০/-টাকা। | বর্ণিত ব্যয়সমূহ সভায় পর্যালোচনান্তে সঠিক বিবেচিত হওয়ায় পরিশোধের জন্য সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা পরিষদ, রাজস্থলী |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।

( উবাচ মারমা )
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
রাজস্থলী, রাঙ্গামাটি পার্বত্য জেলা

স্মারক নং: ০৫.৪২.৮৪৭৮.০০৬.০৪.০০৪.২২- ৯৮৩

তারিখ: ২৩/০২/২০২২খ্রি:

অনুলিপি : সদয় অবগতি/ অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো : ( জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয় )

১. মাননীয় সংসদ সদস্য, ২৯৯, পার্বত্য রাঙ্গামাটি।
২. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৪. পরিচালক, স্থানীয় সরকার বিভাগ, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৫. চেয়ারম্যান, রাঙ্গামাটি পার্বত্য জেলা পরিষদ, রাঙ্গামাটি পার্বত্য জেলা।

৬. জেলা প্রশাসক, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
৭. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজস্থলী, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
৮-৯. উপজেলা ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজস্থলী, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
১০. উপজেলা ............................................................কর্মকর্তা,রাজস্থলী, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
১১-১৩. চেয়ারম্যান, ১ নং ঘিলাছড়ি/ ২ নং গাইন্দ্যা/ ৩ নং বাঙ্গালহালিয়া ইউপি, রাজস্থলী, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
১৪. ..............................................................................................................................

(শান্তনু কুমার দাশ)
মূখ্য নির্বাহী কর্মকর্তা ও
উপজেলা নির্বাহী অফিসার
রাজস্থলী, রাঙ্গামাটি পার্বত্য জেলা
E-mail :unorajasthali@mopa.gov.bd